

চট্টগ্রামে প্রাথমিক শিক্ষক বদলি ও ডেপুটেশন নিয়ে ব্যাপক অনিয়ম

■ চট্টগ্রাম অফিস

চট্টগ্রামে প্রাথমিক শিক্ষা কার্যক্রমে শিক্ষকদের ডেপুটেশন ও বদলি নিয়ে ব্যাপক অনিয়ম ও দুর্নীতি হচ্ছে। আবার যোগাযোগ ব্যবস্থা উন্নত এসব ক্ষেত্রে শিক্ষকদের অপ্রয়োজনীয় নতুন পদ সৃষ্টির মাধ্যমে শিক্ষা কর্তৃকর্তারা আর্থিক সুবিধা আদায় করছে বলে অভিযোগ পাওয়া গেছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, চট্টগ্রাম শহরের নিকটবর্তী উপজেলা পটিয়া, হাটহাজারী, সীতাকুণ্ড ও বোয়ালখালী এলাকায় প্রাথমিক বিদ্যালয়গুলোতে অনিয়ম বেশি হচ্ছে। এসব উপজেলায় অধিকাংশ শিক্ষক চট্টগ্রাম শহর থেকে আসা-যাওয়া করে শিক্ষকতা করে। ইতিপূর্বে বিভিন্ন উপজেলা ও আওতাধীন এলাকায় বদলির মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা ভালো এসব ক্ষেত্রে পত কয়েক বছর যাবৎ কোন পদ খালি নেই। শুধুমাত্র অবশ্যে

ক্ষেত্রে শিক্ষকদের পদ খালি হচ্ছে।

সূত্র আরো জানায়, সরকারি নীতিমালা অনুসারে ৪০ জন শিক্ষার্থীর বিপরীতে একজন শিক্ষক নিয়োগ দেয়া যাবে। কিন্তু চট্টগ্রাম শহরের নিকটবর্তী ক্ষেত্রে শিক্ষকদের অপ্রয়োজনীয় পদ সৃষ্টির মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষা কর্তৃকর্তারা আর্থিক সুবিধা আদায় করছে বলে অভিযোগ পাওয়া গেছে।

এ প্রসঙ্গে পটিয়া উপজেলা প্রাথমিক শিক্ষা কর্তৃকর্তা যোতাহের বিল্লাহ জানান, ছুস কমিটির চাহিদার প্রেক্ষিতে কিছু ক্ষেত্রে ডেপুটেশনে শিক্ষক দেয়া হচ্ছে।

এ প্রসঙ্গে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর চট্টগ্রাম অঞ্চলের উপ-পরিচালক শাহমতী আদী প্রেজা ইত্তেফাককে বলেন, 'ডেপুটেশনের কোন বিধান নেই। তবে বদলি বা ডেপুটেশনে অনিয়ম নিয়ে কেউ অভিযোগ করলে ব্যবস্থা নেয়া হবে।'